



(ডিটিসিএ ভবনের প্রক্ষেপিত চিত্র)

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

## রূপকল্প

বৃহত্তর ঢাকার পরিকল্পিত, সমন্বিত এবং আধুনিক ও টেকসই পরিবহন ব্যবস্থা গড়ে তোলা

## অভিলক্ষ্য

পরিবহন ব্যবস্থার সুষ্ঠু সমন্বয়, পরিবহন পরিকল্পনা এবং দ্রুতগামী গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে জনসাধারণের জন্য নিরাপদ, নির্ভরযোগ্য এবং সহজলভ্য পরিবহন সেবা প্রদান

## ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

আধুনিক গণপরিবহন ব্যবস্থাকে সমন্বিত করার লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, গাজীপুর সিটি কর্পোরেশন ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এবং ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর ও নরসিংদী জেলা ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ-এর অধিভুক্ত, যার আয়তন ৭,৪০০ বর্গ কিলোমিটার। পরিবহন সংশ্লিষ্ট সকল উন্নয়ন পরিকল্পনার সমীক্ষা, সমন্বয় ও পরিবীক্ষণ এবং রুট এলাইনমেন্ট নির্ধারণ করা ডিটিসিএ'র কর্মপরিধিভুক্ত।

## বার্ষিক উন্নয়ন কর্মসূচি

২০১৮-১৯ অর্থবছরে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন ০৫টি প্রকল্পের মধ্যে সরকারের নিজস্ব অর্থায়নে (জিওবি) ১টি ও বৈদেশিক সহায়তাপুষ্ট ৪টি প্রকল্প ছিল। প্রকল্পগুলোর মোট বরাদ্দ ৪৬.৯১ কোটি টাকা। তন্মধ্যে জিওবি ৬.০১ কোটি টাকা এবং বৈদেশিক সহায়তা ৪০.৯০ কোটি টাকা। জিওবি বরাদ্দের ৫.৪৫ কোটি টাকা (৯০.৭ শতাংশ) এবং বৈদেশিক সহায়তার ৪০.৮৮ কোটি টাকা (৯৯.৯৫ শতাংশ) সহ এ অর্থবছরে মোট ৪৬.৩৩ কোটি টাকা ব্যয় হয়েছে। ব্যয়ের হার ৯৮.৭৬ শতাংশ।

## পরিচালনা পরিষদ

ডিটিসিএ'র ৩১ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পরিষদ রয়েছে। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী এ পরিষদের সভাপতি। ২০১৮-১৯ অর্থবছরে ১২ সেপ্টেম্বর ২০১৮ তারিখ পরিচালনা পরিষদের ১১তম সভা অনুষ্ঠিত হয়েছে।



ডিটিসিএ'র পরিচালনা পরিষদের ১১তম সভায় মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি

## ২০১৮-১৯ অর্থবছরে অর্জন


### Technical Assistance to DTCA Project:

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৩৩.৯৬ কোটি টাকা (জিওবি ৮.৭০ কোটি টাকা ও প্রকল্প সহায়তা ২৫.২৫ কোটি টাকা) ব্যয়ে এ কারিগরি সহায়তা প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় ডিটিসিএ'র কর্মচারী প্রবিধানমালা, পার্কিং ম্যানেজমেন্ট সহজীকরণের সুপারিশমালা, ঢাকা মহানগরীর সড়কগুলোর জন্য জিওমেট্রিক ডিজাইন ম্যানুয়েল, রোড ইন্টারসেকশন উন্নয়ন সংক্রান্ত সুপারিশমালা ইত্যাদি প্রস্তুত করা হয়েছে।

দাতা সংস্থা AFD এর Mid Term Review Mission এর মাধ্যমে এই প্রকল্পের কার্যাবলী পুনর্বিদ্যমান হয়েছে এবং তদানুসারে প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। এ প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত প্রতিবেদনগুলোর মধ্যে রয়েছে- ট্রাফিক ইম্প্যাক্ট এ্যাসেসমেন্ট গাইড লাইন, বিদ্যমান ট্রাফিক সার্ভে পর্যালোচনা (২০০৪ থেকে ২০১৬ পর্যন্ত) প্রতিবেদন, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর হতে সায়দাবাদ পর্যন্ত পাইলট প্রকল্প বাস্তবায়নের জন্য বাসডিপো এবং টার্মিনাল স্থাপন সংক্রান্ত নির্দেশনা বিষয়ক প্রতিবেদন, পাইলট করিডোরের জন্য প্যারাদ্রোনজিট সমন্বয় বিষয়ক প্রতিবেদন, পাইলট করিডোরের জন্য সম্পাদিত Topographic Survey এর প্রতিবেদন, ডিটিসিএ-তে জিআইএস ডাটাসেন্টার স্থাপনের জন্য কারিগরি প্রতিবেদন, ডিটিসিএ-কে শক্তিশালীকরণের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা পর্যালোচনা প্রতিবেদন, কৌশলগত পরিবহন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রতিবেদন ইত্যাদি। জুন ২০১৯ তারিখে প্রকল্পটি সমাপ্ত হয়েছে।

### মেট্রোরেল লাইন-১ এর সমীক্ষা:


বিমানবন্দর-খিলক্ষেত-কুড়িল-বারিধারা-বাড্ডা-রামপুরা-মালিবাগ-মৌচাক-রাজারবাগ-কমলাপুর (আন্ডারগ্রাউন্ড ১৮.৮০ কিলোমিটার) এবং কুড়িল-পূর্বাচল-কাঞ্চন সেতুর পশ্চিম পার্শ্ব (এলিভেটেড ১১.৮০ কিলোমিটার) পর্যন্ত মোট ৩০.৬০ কিলোমিটার MRT Line-1 নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। সমীক্ষা প্রকল্প ব্যয় ৪৬.৩৮ কোটি টাকা। এটি হবে বাংলাদেশের প্রথম পাতাল রেল।



ঢাকা এমআরটি লাইন ১-এর রুট এলাইনমেন্ট

## মেট্রোরেল লাইন-৫ এর সমীক্ষা:


MRT Line-5 (উত্তরাংশ): হেমায়েতপুর-আমিনবাজার-গাবতলী-মিরপুর টেকনিক্যাল-মিরপুর-১-মিরপুর-১০-কচুক্কেত-বনানী-গুলশান-২ (আন্ডারগ্রাউন্ড ১৩.৫০ কিলোমিটার)-নতুন বাজার-ভাটারা (এলিভেটেড ৬.৫০ কিলোমিটার) মোট ২০.০০ কিলোমিটার দীর্ঘ নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। JICA'র স্ট্যাডি টিম ইতোমধ্যে ফাইনাল রিপোর্ট সম্পন্ন করেছে। এটি বাংলাদেশের ২য় পাতালরেল।



এমআরটি লাইন-৫ (উত্তর)-এর রুট এলাইনমেন্ট

## ঢাকা মেট্রো প্রজেক্ট প্রিপারেটরি টেকনিক্যাল এসিসটেন্ট (ডিএমপিপিটিএ)

MRT Line-5 (দক্ষিণাংশ): গাবতলী থেকে শুরু হয়ে ভুলতা গিয়ে শেষ হবে, যার মোট দৈর্ঘ্য মোট ২৪.৪৪ কিলোমিটার। প্রকল্পটি দু'টি পর্যায়ে সম্পন্ন হবে। প্রথম পর্যায়ে গাবতলী থেকে দাশেরকান্দি (গাবতলী-মিরপুর রোড-পশ্চিম পাশ্বপথ-কারওয়ান বাজার-হাতিরঝিল-আফতাবনগর-দাশেরকান্দি; দৈর্ঘ্য-১৬.৯৪ কিলোমিটার) ও দ্বিতীয় পর্যায়ে দাশেরকান্দি থেকে ভুলতা (দৈর্ঘ্য-৭.৫ কিলোমিটার)। পরামর্শক প্রতিষ্ঠান ১০ এপ্রিল ২০১৯ তারিখে প্রথম পর্যায়ের অন্তর্ভুক্ত গাবতলী থেকে দাশেরকান্দি পর্যন্ত প্রাক-সম্ভাব্যতা যাচাইয়ের চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছে। প্রথম পর্যায়ের মোট ১৬.৯৪ কিলোমিটারের মধ্যে প্রায় ১২.৫ কিলোমিটার আন্ডারগ্রাউন্ড ও ৩.৫ কিলোমিটার এলিভেটেড এবং এতে ১৪টি স্টেশন থাকবে।



এমআরটি লাইন-৫ (দক্ষিণ)-এর রুট এলাইনমেন্ট

## ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট:

ট্রাফিক ব্যবস্থার উন্নয়নকল্পে JICA'র আর্থিক সহযোগিতায় ৪৫.২৫ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়নধীন এ কারিগরি সহায়তা প্রকল্পের মাধ্যমে ঢাকা মহানগরের ৪টি ইন্টারসেকশনে (ফুলবাড়ীয়া, পল্টন, মহাখালী ও গুলশান-১) অত্যাধুনিক Intelligent Transportation System (ITS) ভিত্তিক ট্রাফিক সিগনাল নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রবর্তনের জন্য উন্নয়ন কাজ চলমান আছে। পরীক্ষামূলকভাবে ডিসেম্বর ২০১৯-এ ITS চালু করা সম্ভব হবে।

## ২০১৮-১৯ অর্থবছরের অন্যান্য কার্যক্রম

### ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত নকশা অনুমোদন:

ডিটিসিএ অধিভুক্ত এলাকায় কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক বহুতল আবাসিক ও বাণিজ্যিক ভবন নির্মাণ ও আবাসিক প্রকল্প গ্রহণ করতে হলে ডিটিসিএ হতে যানবাহনের প্রবেশ-নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত নকশার অনুমোদন গ্রহণ করা বাধ্যতামূলক। এ অর্থবছরে ৯৭টি বহুতল ভবনের Traffic Circulation সংক্রান্ত নকশা অনুমোদন এবং ৪টি হাউজিং প্রকল্পের অনাপত্তি প্রদান করেছে।

### গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন:

ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকায় নগর পরিবহন এর চাহিদা ও পরিধি ব্যাপক বৃদ্ধি পাওয়ায় ডিটিসিএ-এর উদ্যোগে ২০০৫ সালে প্রণীত ২০ বছর মেয়াদি স্ট্রাটেজিক ট্রান্সপোর্ট প্ল্যান (এসটিপি) সমরোপযোগী করে Revised STP 2015-35 প্রণয়ন করা হয়। Revised STP তে ৫টি Mass Rapid Transit (MRT) [MRT Line-1, 2, 4, 5 & 6] লাইন, এবং ২টি Bus Rapid Transit (BRT) [BRT করিডোর -3 & 7], তিনস্তর বিশিষ্ট রিং রোড (ইনার, মিডল ও আউটার), ৮টি রেডিয়াল সড়ক, ৬টি এক্সপ্রেসওয়ে, ২১টি ট্রান্সপোর্টেশন হাব নির্মাণ এবং ট্রাফিক ম্যানেজমেন্ট, ট্রাফিক সেফটি ব্যবস্থার উন্নয়ন ও বাস পরিবহণ সেক্টর পুনর্গঠনের সংস্থান রয়েছে। RSTP এর আলোকে ডিটিসিএ ইতোমধ্যে MRT Line-1, MRT Line-5 (North), BRT Line-3 ও MRT Line-5 (South) প্রকল্পের প্রাক-সমীক্ষা সম্পন্ন করেছে এবং বিআরটি লাইন-৭ এর সম্ভাব্যতা সমীক্ষা প্রণয়নের কাজ চলমান আছে। ডিটিসিএ বাস সেক্টরের পুনর্গঠনের লক্ষ্যে Bus Network Management Company গঠন এবং পাইলট করিডোরে বাস ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

### বাস রুট রেশনালাইজেশন:

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় বাস রুট ফ্রাঞ্চাইজ পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়রের নেতৃত্বে ১টি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সুপারিশের আলোকে ডিটিসিএ বাস রুট রেশনালাইজেশনের কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে বাস রুট রেশনালাইজেশনের অংশ হিসেবে ধানমন্ডি-নিউমার্কেট রুটে চক্রাকার বাস সার্ভিস চালু হয়েছে। ঢাকা শহরে বাস ব্যবস্থাপনার জন্য প্রাতিষ্ঠানিক কাঠামোর খসড়া প্রস্তুত করা হয়েছে। বাস ডিপো এবং টার্মিনাল নির্মাণে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য প্রকল্প প্রস্তুত করা হয়েছে।



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মোহাম্মদ সাঈদ খোকনের সভাপতিত্বে বাস রুট রেশনালাইজেশন কমিটির সভা

## স্মার্ট কার্ড প্রবর্তন এবং ক্লিয়ারিং হাউজ প্রতিষ্ঠা:

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক জাইকার সহায়তায় Clearing House স্থাপন করা হয়েছে এবং বিভিন্ন পরিবহন মাধ্যম যেমনমেট্রোরেল-, বাস র‍্যাপিড ট্রানজিট, বাংলাদেশ রেলওয়ে, বিআরটিসি'র বাস, বিআইডব্লিউটিসি'র নৌযান ও চুক্তিবদ্ধ - বেসরকারি বাসে স্বাচ্ছন্দ্যে ও নিরবচ্ছিন্নভাবে যাতায়াতের লক্ষ্যে র‍্যাপিড পাস নামীয় SMART Card তৈরি করা হয়েছে। বর্তমান বিআরটিসির আব্দুল্লাহপুরমতিঝিল রুটে চলাচলরত এসি বাসসমূহে-, গুলশান সার্কুলার রুটে চলাচলরত ঢাকা চাকার এসি ' বাস এবং হাতিরঝিল চক্রাকার বাস রুটে এ র‍্যাপিড পাস ব্যবহার করা হচ্ছে।

## ডিটিসিএ অফিস ভবন নির্মাণ:

তেজগাঁও এ ২টি বেইজমেন্টসহ ১৩তলা ডিটিসিএ অফিস ভবন নির্মাণ করা হচ্ছে। সম্পূর্ণ ভবনটি নির্মাণে মোট ১৩৮.৬০ কোটি টাকা ব্যয় হবে। ভবনটিতে ১২০টি অফিস কক্ষ, ৩৫০ আসন বিশিষ্ট মিলনায়তন, ১টি কনফারেন্স রুম, প্রার্থনা কক্ষ, পাবলিক প্লাজা, পাঠাগার, ক্যাফেটেরিয়া, ডে-কেয়ার সেন্টার, ট্রেনিং সেন্টার, বেইজমেন্ট এ ১৪২টি কার ও ২টি বাস পার্কিং এর সুবিধা থাকবে। জুন ২০১৯ পর্যন্ত কাজের সার্বিক অগ্রগতি হয়েছে ৩২.৫৩৭%।



## বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস উদযাপন:

“যানজট ও দূষণমুক্ত নগরায়নের প্রয়োজন গণপরিবহন ব্যবস্থার উন্নয়ন ও ব্যক্তিগত গাড়ির ব্যবহার নিয়ন্ত্রণ” শ্লোগানে ব্যক্তিগত গাড়ি ব্যবহার নিরুৎসাহিত করার লক্ষ্যে ৩য় বারের মতো ২২ সেপ্টেম্বর ২০১৮ বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষে একটি স্যুভেনির প্রকাশিত হয়। বিভিন্ন বেসরকারি সংগঠন ও সংস্থা এ দিবস উদযাপনে সক্রিয় ভূমিকা পালন করে।



বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস ২০১৮ উদযাপন

## Urban Mobility and Sustainable Urban Transport Index (SUTI) বিষয়ে আন্তর্জাতিক কর্মশালা অনুষ্ঠান

UN-ESCAP, ডিটিসিএ এবং সড়ক ও জনপথ অধিদপ্তর এর যৌথ উদ্যোগে নগরায়নের গতিশীলতা বৃদ্ধি এবং সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট ইনডেক্স (SUTI) শীর্ষক একটি আন্তর্জাতিক পর্যায়ের ২ দিন ব্যাপি কর্মশালা ১২ ও ১৩ সেপ্টেম্বর ২০১৮ এ আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় বাংলাদেশ, ভারত, চীন, নেপাল, ভুটান, পাকিস্তান, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ইরান ও ভিয়েতনাম এর প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। কর্মশালায় নগরায়নের টেকসই ও নিরাপদ পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণ, নীতি, আইন ও কৌশল প্রণয়ন এবং SUTI বাস্তবায়নে UN-ESCAP এর পূর্ণ সহযোগিতার নিশ্চয়তা প্রদান করা হয়।



Sustainable Urban Transport Index বিষয়ে আন্তর্জাতিক পর্যায়ের কর্মশালায় সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

## ৫ম বিশ্ব সড়ক নিরাপদ সপ্তাহ-২০১৯

বিশ্বের অপরাপর দেশের ন্যায় বাংলাদেশেও ৬-১২ মে ২০১৯ তারিখে 5th UN Global Road Safety Week 2019 উদযাপন করা হয়। এ উপলক্ষে ৬ মে ২০১৯ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক মানিক মিয়া এভিনিউতে র্যালির আয়োজন করা হয়। এছাড়াও “আরবান রোড সেফটি বিষয়ে ডিটিসিএ’র করণীয়” শীর্ষক একটি আলোচনা সভা ৯ মে ২০১৯ তারিখ ডিটিসিএ’র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের অধ্যাপক ড মোয়াজ্জেম হোসাইন মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন। সভায় বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠান/সংস্থার প্রতিনিধিগণ যোগদান করেন।



৫ম বিশ্ব নিরাপদ সড়ক সপ্তাহ উপলক্ষে আয়োজিত র্যালিতে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও কর্মকর্তাবৃন্দ

## নারায়ণগঞ্জ নগরীর গণপরিবহন ব্যবস্থার উন্নয়ন সমন্বয়:

নারায়ণগঞ্জ নগরীর গণপরিবহন ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে নারায়ণগঞ্জ নগরীতে এলিভেটেড Light Rapid Transit (LRT) স্থাপন প্রকল্পটি সিঙ্গাপুর সরকারের সাথে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে বাস্তবায়নের লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি RSTP তে অন্তর্ভুক্তকরণসহ RSTP অনুযায়ী প্রস্তাবিত প্রকল্পসমূহ বাস্তবায়নসহ নারায়ণগঞ্জ নগরীর জন্য পরিবহন পরিকল্পনা প্রণয়ন বিষয়ে একটি দ্বি-পাক্ষিক সভা ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর সভাপতিত্বে নারায়ণগঞ্জ নগর ভবনে অনুষ্ঠিত হয়।



নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী’র সাথে ডিটিসিএ’র কর্মকর্তাগণ



## মানবসম্পদ উন্নয়ন

### প্রশিক্ষণ:

ডিটিসিএ'র উদ্যোগে ২০১৮-অর্থ বছরে নিম্নলিখিত ২০১৯- প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে:

- ডিটিসিএ'র উদ্যোগে ১৭ দিন ব্যাপী ডিটিসিএতে নবযোগদানকৃত ১৩ জন কর্মকর্তার ওরিয়েন্টেশন কোর্স;
- ৩০ জন কর্মকর্তা ও ১৩ জন কর্মচারীর ২ দিন ব্যাপী জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ;
- ৩০ জন কর্মকর্তা ও ১৩ জন কর্মচারীর ২ দিন ব্যাপী ইফাইলিং প্রশিক্ষণ-;
- ডিটিসিএ'র ১৪ জন কর্মকর্তার গ্রেটার ঢাকা সাসটেইনেবল ট্রান্সপোর্ট প্রজেক্ট এর আওতায় ৩ দিন ব্যাপী BRT বিষয়ক অন দি জব প্রশিক্ষণ;
- বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এ ২ দিন ব্যাপী ৬ জন কর্মকর্তার পাবলিক সার্ভিস ইনোভেশন বিষয়ে প্রশিক্ষণ;
- বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এ ৫ দিন ব্যাপী Capacity Building বিষয়ে প্রশিক্ষণে ১২ জন কর্মকর্তার প্রশিক্ষণ;
- ১৬ জন কর্মকর্তার ঢাকা মেট্রোপলিটন পুলিশ সদর দপ্তরে দিনব্যাপী ট্রাফিক ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ;
- সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) এর উদ্যোগে আয়োজিত ১৫ দিন ব্যাপী পাবলিক প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট প্রশিক্ষণে ৮ জন কর্মকর্তার অংশগ্রহণ;
- ডিটিসিএ'র উদ্যোগে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমীতে- ১০ দিন ব্যাপী Development Planning and Project Management বিষয়ে ১৮ জন কর্মকর্তার প্রশিক্ষণ গ্রহণ

### জনবল ও পদ সৃজন

ডিটিসিএ'র বিদ্যমান ৬৪টি পদের অতিরিক্ত ১৪২টি পদ সৃজনের মঞ্জুরী আদেশ জারি করা হয়েছে। এতে ডিটিসিএ'র মোট পদের সংখ্যা দাঁড়িয়েছে ২০৬টি। প্রতিবেদনাব্যতীর্ণ অর্থবছরে ৯ম গ্রেডের ১৪ জন কর্মচারি যোগদান করেছেন। ৭ম গ্রেডে ১৮ জন, ৯ম গ্রেডে ৭ জন, ১০-১৭ গ্রেডে ১৭ জনসহ মোট ৪২ (বিয়াল্লিশ) জন কর্মচারি নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

### পরিবহন খাতে দক্ষ জনশক্তি তৈরীতে করণীয় শীর্ষক কর্মশালা

পরিবহন ব্যবস্থাকে সুষ্ঠু করতে হলে দক্ষ জনশক্তির বিকল্প নেই। পরিবহন খাতে দক্ষ জনশক্তি তৈরীর নীতিমালা প্রণয়নের জন্য ডিটিসিএ'র ম্যান্ডেট রয়েছে। তার আলোকে পরিবহন খাতে দক্ষ জনশক্তি তৈরীতে করণীয় বিষয়ে ২৯ নভেম্বর ২০১৮ তারিখে ডিটিসিএ সভা কক্ষে একটি কর্মশালা সভা অনুষ্ঠিত হয়।



পরিবহন খাতে দক্ষ জনশক্তি তৈরীতে করণীয় বিষয়ে ২৯ নভেম্বর ২০১৮ তারিখে ডিটিসিএ সভা কক্ষে অনুষ্ঠিত কর্মশালা

## ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র কার্যক্রম সহজীকরণের জন্য গণশুনানী

ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র কার্যক্রম সহজীকরণ বিষয়ে CIRDAP মিলনায়তনে ২৪ জুন ২০১৯ তারিখ গণশুনানী অনুষ্ঠিত হয়। উক্ত গণশুনানীতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা, ডেভেলপার, গণমাধ্যম কর্মী এতে অংশগ্রহণ করেন। ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের আবেদন দাখিলসহ ছাড়পত্র অনুমোদন কার্যক্রম সহজ করার জন্য অংশগ্রহণকারীগণ বিভিন্ন প্রস্তাব করেন। প্রস্তাবগুলো ডিটিসিএ বিবেচনায় নিয়ে ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র সহজীকরণের প্রক্রিয়া গ্রহণ করেছে।



সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত গণশুনানী।

**“পরিকল্পিত পরিবহন ব্যবস্থা টেকসই উন্নয়নের পূর্বশর্ত”**